

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২৭/১৪ ডিসেম্বর, ২০২০

নং ১৭.০০.০০০০.০২৫.৫০.০৩১.০৮-৪৯৬—যেহেতু The Representation of the People Order, 1972 (as amended up to date) এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্ত অনুযায়ী “প্রগতিশীল গণতান্ত্রিক দল” নামীয় দল হিসেবে নির্বাচন কমিশনের কাছে আবেদন করা হয়েছিল এবং যার প্রেক্ষিতে “প্রগতিশীল গণতান্ত্রিক দল” নামীয় দলকে নিবন্ধন প্রদান করা হয়েছিল। (নিবন্ধন নং-২৬ তারিখ: ১৩/১১/২০০৮);

যেহেতু উক্ত আইনের বিধান অনুযায়ী প্রগতিশীল গণতান্ত্রিক দলের সক্রিয় কেন্দ্রীয় দপ্তর, এক তৃতীয়াংশ জেলা দপ্তর ও ১০০টি উপজেলা/থানা কার্যালয় দপ্তরের ঠিকানা এবং কমিটির তালিকা প্রেরণের জন্য পত্র দেয়া হয়। প্রেরিত পত্রের প্রেক্ষিতে উক্ত দলের পক্ষ হতে ০২ (দুই) মাস সময় বৃদ্ধির আবেদন করা হলে মাননীয় কমিশন ০২ (দুই) মাস সময় বৃদ্ধি করেন। সে মতে আংশিক জেলা ও উপজেলা দপ্তরের ঠিকানা এবং কমিটির তালিকা জমা প্রদান করে। দাখিলকৃত তথ্যাদি অসম্পূর্ণ বিধায় পূর্ণাঙ্গ তথ্য প্রেরণের জন্য পুনরায় পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ তথ্য প্রেরণের জন্য পুনরায় ০২ (দুই) মাস সময় বৃদ্ধির আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে মাননীয় কমিশন পুনরায় ০২ (দুই) মাস সময় বৃদ্ধি করেন। সময় বৃদ্ধির পর পিডিপি কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি মাঠ পর্যায়ের যাচাই করে সক্রিয় কেন্দ্রীয় দপ্তর এবং জেলা ও উপজেলা দপ্তরের কার্যকারিতা ও অস্তিত্ব পাওয়া যায়নি। ফলে রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৯ এবং The Representation of the People Order, 1972 এর Article 90B (1) (a) (iii) এর শর্তাদি প্রতিপালনে ব্যর্থ হওয়ায় মাননীয় কমিশন উক্ত দলের নিবন্ধন বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেন। The Representation of the People Order, 1972 এর Article 90H (2) মোতাবেক

(১৩৪৭৩)

মূল্য : টাকা ৮.০০

শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তা জানানোর জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত দল কর্তৃক শুনানীতে অংশ গ্রহণ করতে ইচ্ছুক মর্মে পত্র প্রেরণ করা হলে মাননীয় কমিশন ০৩ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ নিবন্ধন বাতিলের বিষয়ে শুনানীর দিন ধার্য করেন। কিন্তু উক্ত দলের আবেদনের প্রেক্ষিতে কয়েক দফা শুনানীর তারিখ পরিবর্তনের পর ০৭ অক্টোবর, ২০২০ তারিখ শুনানী অনুষ্ঠিত হয়। উক্ত শুনানীতে প্রগতিশীল গণতান্ত্রিক দলের আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত দলিলাদি দাখিলের জন্য মাননীয় কমিশন ০৭ (সাত) দিন সময় বৃদ্ধি মঙ্গুর করেন। বর্ধিত সময়ে প্রগতিশীল গণতান্ত্রিক দল নামীয় দলটি শুধু মাত্র ০৮ (চার) টি জেলা ও ০৫ (পাঁচ) টি উপজেলা কমিটির তালিকা জমা প্রদান করেছেন;

যেহেতু, The Representation of the People Order, 1972 (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করলে রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল যোগ্য এবং নির্বাচন কমিশন এ কারনে “প্রগতিশীল গণতান্ত্রিক দল” নামীয় দলের নিবন্ধন বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

এখন, সেহেতু, clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করায় The Representation of the People Order, 1972 (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী “প্রগতিশীল গণতান্ত্রিক দল” এর নিবন্ধন (নিবন্ধন নং-২৬ তারিখ: ১৩/১১/২০০৮) এতদ্বারা বাতিল করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আলমগীর
সিনিয়র সচিব।